


রাজিত এর প্রথম সিডি

সম্প্রতি রাজিত এর প্রথম অডিও এ্যালবাম “শুব্র মেঘ” ঢাকায় মুক্তি পেয়েছে। পুরো নাম তানিম হায়াত খান। পৈতৃক বাড়ি ব্রাহ্মনবাড়িয়ার শিবপুর গ্রাম। জন্ম ঢাকায়। মোবারক হোসেন খান এবং ফউজিয়া ইয়াসমিনের কনিষ্ঠ পুত্র রাজিত বর্তমানে অস্ট্রেলিয়ার সিডনিতে বসবাসরত। বিশ্বখ্যাত সঙ্গীত সম্রাট ওস্তাদ আলাউদ্দিন খাঁ এর ছোট ভাই দেশ বরণ্য সঙ্গীত সাধক ওস্তাদ আয়েত আলী খাঁ তার পিতামহ। মা ফউজিয়া ইয়াসমিন শিশু রাজিতকে কোলে নিয়ে প্রতিদিন ভোর বেলা কণ্ঠ সাধন করতেন।



সেই সুরে সুরে একটু একটু করে বেড়ে উঠেছে রাজিত। ষাটের দশকে শীর্ষ স্থানীয় কণ্ঠ শিল্পী মা ফউজিয়া ইয়াসমিনের কাছে মূলত রাজিতের সঙ্গীত সাধনার শুরু। বাবা মোবারক হোসেন খান একজন সঙ্গীত গবেষক ও বিশিষ্ট সুরবাহার শিল্পী। তাছাড়া পরিবারের শাস্ত্রীয় সঙ্গীত তার জীবনে হয়েছে সিঞ্চিত। চাচাতো ভাই আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সরোদ শিল্পী ওস্তাদ শাহাদাত হোসেন খানের নিকট সরোদে তার হাতে খড়ি। রাজিত বাংলাদেশ বেতার ও টেলিভিশনে নিয়মিত সরোদ পরিবেশন করতেন। বর্তমানে রাজিত পণ্ডিত অশোক রায়ের শিষ্য ম্যাককুয়ারি ইউনিভার্সিটির সঙ্গীত বিভাগের অধ্যাপক ও



বিশিষ্ট সরোদ শিল্পী ডঃ অ্যাডরিয়ান ম্যাকনিলের কাছে নিয়মিত সরোদর তালিম নেন। পণ্ডিত অশোক রায় বিশ্ব বিখ্যাত সরোদ শিল্পী ওস্তাদ আলী আকবর খাঁ এর শাগরিদ। তার মা ফউজিয়া ইয়াসমিন এবং তিন খালা জনপ্রিয় কণ্ঠ শিল্পী ফরিদা ইয়াসমিন, নিলুফার ইয়াসমিন এবং সাবিনা ইয়াসমিনের সুরেলা গান শুনে রাজিতের গান শেখার আগ্রহ জন্মেছিল। জনপ্রিয় সরোদ শিল্পী রাজিতের জন্য গান মূলত শেখের ব্যাপার হলেও তার কণ্ঠে আছে সম্ভাবনার ছাপ। রাজিত তার পিতামহ ওস্তাদ আলাউদ্দিন খাঁ এর সৃষ্টি “সেনী মাইহার

ঘরানা”র সঙ্গীত শিল্পী। ইতিমধ্যে তিনি অস্ট্রেলিয়ার সিডনি সহ বিভিন্ন শহরে অনুষ্ঠিত সঙ্গীত আসরে সরোদ ও গান পরিবেশন করে প্রচুর প্রশংসা অর্জন করেছেন।

ইউনিভার্সিটি অফ টেকনোলজি সিডনি (UTS) থেকে এম বি এ (অ্যাকাউন্টিং) ডিগ্রি লাভ করে পেশাগতভাবে রাজিত একজন অ্যাকাউন্টেন্ট। নিজ পেশার পাশাপাশি রাজিত ডিপার্টমেন্ট অফ এডুকেশন এর অধীনে TAFE এ শিক্ষকতাও করে থাকেন।

“শুভ্র মেঘ” এ্যালবামটির সঙ্গীত আয়োজক, সুর ও সঙ্গীত পরিচালক আতিক হেলাল। আতিক হেলাল আশির দশকের নামকরা ব্যান্ড উইন্ডস এর লিড ভোকালিস্ট ছিলেন। রাজিত সম্পর্কে আতিক হেলাল বলেন - রাজিতই অস্ট্রেলিয়া প্রবাসী প্রথম শিল্পী যার এ্যালবামের প্রতিটি গান অস্ট্রেলিয়া প্রবাসী গীতিকারদের লেখা এবং প্রতিটি গানের মিউজিক কম্পোজিশন, রেকর্ডিং ও মিক্সিং অস্ট্রেলিয়াতেই হয়েছে।

“শুভ্র মেঘ” সিডনীতে আসন্ন একুশে বই মেলা এবং বৈশাখী মেলায় পাওয়া যাবে। দাম ৫ ডলার।